অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/4/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রোম সিটিতে দুই দশকের মধ্যে একক সর্ববৃহৎ গণপরিবহন পরিবহন উন্নয়ন ঘোষণা করলেন

2023 স্টেট অফ দ্য স্টেটে ঘোষিত গভর্নর হোকলের উদ্ভাবনী মোবিলিটি উদ্যোগ থেকে পাওয়া 1 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা উন্নয়ন কাজ সমর্থিত হবে

উদ্যোগটি যাত্রীদের জন্য আরো বিকল্প প্রদান করার জন্য আরো কার্যকর সেন্ট্রো বাস রুট এবং নতুন মোবিলিটি অন-ডিমান্ড সেবার প্রতিনিধিত্ব করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে রোম সিটির জন্য নতুন এবং উন্নত গণপরিবহন ব্যবস্থা ঘোষণা করলেন, যা দুই দশকের মধ্যে সিটির গণপরিবহন ব্যবস্থায় সর্ববৃহৎ উন্নয়নকাজের প্রতিনিধিত্ব করে, এবং এর ফলে রোমের নাগরিকেরা পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি যানবাহন এবং চালকের সেবা পাবে। গভর্নর হোকলের 2023 স্টেট অফ দ্য স্টেট ভাষণে প্রথম ঘোষিত তার যুগান্তকারী উদ্ভাবনী মোবিলিটি উদ্যোগ (Innovative Mobility Initiative) থেকে পাওয়া 1 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা সমর্থিত, সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ (Central New York Regional Transportation Authority) (সেন্ট্রো) নতুনভাবে পুনরায় নকশা করা বাস রুট বাস্তবায়ন করেছে যা যাত্রীদের জন্য বাস আসার হার এবং কার্যকারিতা বৃদ্ধি করেছে। এছাড়াও বাসিন্দাদের আরো পরিবহন বিকল্প এবং আরো নমনীয় সেবা প্রদান করার জন্য সেন্ট্রো মোবিলিটি অন-ডিমান্ড বা মাইক্রোট্রানজিট সেবার সূচনা করেছে।

"নিরাপদ, অ্যাক্সেসিবল এবং সাশ্রয়ী গণপরিবহন আমাদের অর্থনীতির বিকাশে, আমাদের পরিবেশের সুরক্ষায় এবং জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "রোমের উন্নয়নকাজ হলো পুরো নিউ ইয়র্কে আমাদের পরিবহন ব্যবস্থা আধুনিকায়িত করার প্রতি আমাদের প্রতিশ্রুতির অংশ যা যাত্রীদের আরো বিকল্প এবং অপেক্ষাকৃত উত্তম সেবা প্রদান করবে, যা আমাদের সম্প্রদায়সমূহকে সমৃদ্ধি করতে সাহায্য করবে।"

নতুন পরিবহন বিকল্প বা প্রযুক্তি পণ্যের অর্থায়নের মাধ্যমে সেবা প্রদান সম্প্রসারিত করার জন্য এবং গতানুগতিক পরিবহন অ্যাক্সেস করতে প্রতিবন্ধকতার সম্মুখীন হয় এমন যাত্রীদের সমর্থন করতে উদ্ভাবনী মোবিলিটি উদ্যোগ থেকে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) বহির্ভূত পরিবহন কর্তৃপক্ষসমূহকে 10 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করা হচ্ছে। বিদ্যমান সেবা কাঠামোর বিস্তৃত অধ্যয়ন এবং এলাকায় সেবাদান করার সেরা উপায় সম্পর্কে যাত্রী, স্টেকহোল্ডার এবং চালকদের মতামত নিতে তাদের সাথে

যোগাযোগ করার পর রোমের জন্য সেন্ট্রোর পুনরায় নকশা করা সেবা হচ্ছে। ফলাফল হিসেবে হওয়া সেবার উন্নয়ন তিনটি নির্দিষ্ট রুট বজায় রাখে যেখানে বাস আসার হার প্রতি 45 মিনিটে একবার থেকে প্রতি 30 মিনিটে একবার করা হবে এবং এটি সবথেকে জনপ্রিয় অবস্থানসমূহে সেবাদান অব্যাহত রাখবে: যার মধ্যে রয়েছে গ্রিফিস এয়ারপার্ক (Griffiss Airpark), রোম হেলথ হাসপাতাল (Rome Health Hospital) এবং ইরি ব্যুলেভার্ড করিডোর যেখানে খুচরা বিক্রির অবস্থান এবং ওয়ালমার্ট রয়েছে।

পাশাপাশি, একটি মাইক্রোট্রানজিট "MOVE" জোন প্রতিষ্ঠা করা হয়েছে, যার ফলে এখন গণপরিবহনের অ্যাক্সেস থাকা বৃহত্তর একটি সেবা এলাকা তৈরি হয়েছে। মানুষ 315-356-MOVE এ ফোন করে বা আইওএস বা এন্ড্রয়েড থেকে "MOVE" অ্যাপ ডাউনলোড করে, একটি অ্যাকাউন্ট তৈরি করে, এবং যাত্রার সময় নির্ধারণ করে "MOVE" যাত্রার ব্যবস্থা করতে পারবে। অ্যাপটি অন্য সকল রাইড শেয়ারিং সেবার মতো কাজ করে। যাত্রীরা এই অ্যাপে আগে থেকে মূল্য পরিশোধ করতে পারবে এবং যানবাহনটিকে বাস্তব সময়ে পিকআপ অবস্থানের দিকে আসতে দেখতে পারবে।

স্টেটের পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকল গণপরিবহনে যেই বিনিয়োগ করছেন তার দ্বারা নিউ ইয়র্ক স্টেট যাত্রীদের জন্য গাড়ি ব্যবহার না করে কাজে যেতে, বাড়ি ফিরতে, বা দোকানে যাওয়া আরো সহজ ও কার্যকর করতে সাহায্য করবে, যা তার সাথে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য আমাদের দেশসেরা এজেন্ডাকেও অগ্রসর করে। সেন্ট্রোর বাস সেবায় যেই উন্নয়ন করা হচ্ছে তা সকলকে বিজয়ী করার একটি পরিস্থিতি, এটি এই বৃহৎ আপস্টেট পরিবহন এজেন্সিকে গ্রাহকদের জন্য আরো উত্তম সেবা প্রদানে সাহায্য করবে, এবং একই সাথে রোম সিটিকে আরো পরিচ্ছন্ন, আরো টেকসই ভবিষ্যতের পথে স্থাপন করবে।"

সেন্ট্রোর ডেপুটি প্রধান নির্বাহী কর্মকর্তা ক্রিস্টোফার টাফ বলেন, "রোমে এই সেবা শুরু করতে পেরে আমরা অতি আনন্দিত। MOVE কপার সিটির আরো বেশি বাসিন্দাদের জন্য সুবিধাজনক পরিবহন বিকল্প প্রদান করবে। আমাদের বাসিন্দাদের যেখানে যাওয়া প্রয়োজন সেখানে পৌঁছে দিতে আরো বেশি বাস এবং আরো বেশি বাস অপারেটর নিয়ে আমরা একটি বৃহত্তর আওতায় এলাকায় সেবাদান করবো।"

স্টেটের সিনেটর জোসেফ এ. গ্রিফো বলেন, "নিউ ইয়র্কের গণপরিবহন উন্নত করার জন্য আমাদেরকে অবশ্যই উপায় অনুসন্ধান অব্যাহত রাখতে হবে। এই উন্নয়নকাজ গণপরিবহনের উন্নতি করবে, সেবা বজায় রাখবে, এবং রোমের ব্যবহারকারীদের আরো কার্যকর এবং বেশ হারের বিকল্প প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিয়েন বাটেনস্কোন বলেন, "বহু মানুষ কাজে, মেডিকেল অ্যাপয়েন্টমেন্টে, এবং স্কুলে যেতে গণপরিবহনের উপর নির্ভর করে। রোম সিটিতে গভর্নর এবং কমিশনার ডমিঙ্গেজের এই বিনিয়োগের জন্য আমি কৃতজ্ঞ এবং এই গণপরিবহন ব্যবস্থায় যেই উন্নয়নকাজ হবে তা দেখার জন্য উন্মুখ।"

কাউন্টি নির্বাহী অ্যান্থনি পিকেন্টে বলেন, "রোমের গণপরিবহনে এইসব উন্নয়ন শহরের সর্বাধিক গুরুত্বপূর্ণ অবস্থানসমূহের কয়েকটিতে বাস রুটে বাস আসার হার এবং কার্যকারিতা বৃদ্ধি করবে," বলেন ওনিডা কাউন্টি নির্বাহী অ্যান্থনি জে পিকেন্টে জুনিয়র। "সেন্ট্রোর মোবিলিটি অন-ডিমান্ড সেবা সংযোজিত হওয়ার ফলে বাসিন্দাদের আরো পরিবহন বিকল্প এবং আরো নমনীয় সেবাও প্রদান করা যাবে। গণপরিবহন ব্যবস্থায় এইসব উন্নয়ন রোম সিটির অব্যাহত প্রবৃদ্ধিকে সমর্থন করতে সাহায্য করবে এবং আমি নিউ ইয়র্ক স্টেটকে এর সমর্থনের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

মেয়র জেফরি এম. ল্যানিগান বলেন, "আমাদের সম্প্রদায়সমূহের সুস্থতা এবং সংযোগের জন্য গণপরিবহনে বিনিয়োগ করা অতি গুরুত্বপূর্ণ। রোমের গণপরিবহন ব্যবস্থা উন্নত করার জন্য গভর্নর হোকলের 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ। অনুদানটি সেন্ট্রোকে এর সেবা প্রদান সম্প্রসারিত করতে দিবে এবং নিশ্চিত করবে যাতে প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া যাত্রীসহ সকল যাত্রীদের কাছে নির্ভরযোগ্য পরিবহন পাওয়ার সমান সুযোগ থাকে।"

সেন্ট্রো এবং এর সেবা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে http://www.centro.org ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন